# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 03-08-2025** **Time: 7.35 AM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বগটুই কান্ডের বিচার বীরভূমে স্বচ্ছভাবে সম্ভব নয় বলে সিবিআই, কলকাতা হাইকোর্টে জানিয়েছে।

২) পি এম কিষাণ সম্মাননিধি প্রকল্পটি পশ্চিমবঙ্গে দেরিতে শুরুর ফলে কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন।

৩)) মৎস্যজীবীদের জন্য কেন্দ্রীয় প্রকল্প রূপায়নে রাজ্য সরকার অনেক পিছিয়ে বলেছেন কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং।

৪) বুথস্তরে সাধারণ মানুষের অভাব-অভিযোগ সমাধানে গতকাল শুরু হয়েছে আমাদের পাড়া - আমাদের সমাধান এবং দুয়ারে সরকার কর্মসূচী।

৫) ডিভিসি-র জল ছাড়ার প্রেক্ষিতে প্লাবন পরিস্থিতি খতিয়ে দেখতে হুগলীর পুড়শুড়ায় বৈঠক করেছেন রাজ্যের চার দফতরের মন্ত্রীরা।

oooooooooooooooooooooooo

বগটুই কাণ্ডের বিচার বীরভূমে স্বচ্ছভাবে সম্ভব নয় বলে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই কলকাতা হাইকোর্টে জানিয়েছে। বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে সিবিআই-এর আইনজীবী গতকাল জানান, মামলার সাক্ষী ও অভিযুক্ত—

সবাই একই গ্রামের বাসিন্দা। অভিযুক্তরা শুধু প্রভাবশালী নন, তাঁদের সমর্থকেরা আদালতের ভিতরে-বাইরে ভিড় জমিয়ে ‘ভয়ের পরিবেশ’ তৈরি করেন। ফলে সাক্ষীরা কথা বলতে ভয় পাচ্ছেন। এই অবস্থায় ন্যায়বিচার যাতে বিঘ্নিত না হয়, সেই কারণেই বগটুই মামলার শুনানি অন্যত্র সরানোর প্রয়োজন রয়েছে বলে সিবিআই আদালতকে জানায়।

২০২২ সালের ২১শে মার্চ রামপুরহাটের বগটুই মোড়ে বোমার আঘাতে খুন হন বুড়িশোল পঞ্চায়েতের উপ-প্রধান তথা স্থানীয় তৃণমূল নেতা ভাদু শেখ। তার পরের কয়েক ঘণ্টার মধ্যে পাল্টা হামলা চলে গ্রামে। অভিযোগ, ভাদুর অনুগামীরা একাধিক বাড়িতে আগুন লাগিয়ে দেয়। আগুনে পুড়ে মৃত্যু হয় ১০ জনের, যাঁদের অধিকাংশই ছিলেন মহিলা ও শিশু।

oooooooooooooooooooooooo

পিএম কিষাণ-এর মতো কেন্দ্রীয় প্রকল্প দেরিতে শুরুর জন্য রাজ্যের কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে বিজেপি অভিযোগ করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার গতকাল জলপাইগুড়ির ময়নাগুড়ির রামসাই কৃষিবিজ্ঞান কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে কৃষকদের হাতে পিএম কিষাণ প্রকল্পের চেক তুলে দিয়ে একথা বলেন।

(বাইট – সুকান্ত)

কৃষকরা এই প্রকল্পে বিশেষভাবে উপস্থিত হয়েছেন বলে জানিয়েছেন।

(বাইট – কৃষক)

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বারাণসী থেকে পি এম কিষাণ সম্মান নিধি প্রকল্পের ২০-তম কিস্তি প্রদান করেছেন। এখনও পর্যন্ত মোট ৩ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা কৃষকদের অ্যাকাউন্টে পাঠানো হয়েছে বলে শ্রী মোদী জানান।

oooooooooooooooooooooo

মৎস্যজীবীদের জন্য কেন্দ্রীয় প্রকল্পগুলি রূপায়ণে রাজ্য সরকার অনেক পিছিয়ে রয়েছে বলে কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করেছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং জানিয়েছেন, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা সহ অন্যান্য প্রকল্পের রূপায়নে রাজ্যের অগ্রগতি মোটেই সন্তোষজনক নয়। এই সমস্ত প্রকল্পের সুবিধা মৎস্যজীবীরা যাতে পায়, তার জন্য কেন্দ্রীয় মন্ত্রী সংশ্লিষ্ট দফতরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

(বাইট – রাজীব রঞ্জন সিং)

তিনি জানান, প্রধানমন্ত্রী কিষাণ সমৃদ্ধি যোজনার অধীন জাতীয় মৎস্য উন্নয়ন পর্ষদ মৎস্যজীবীদের নথিভুক্ত করতে একটি পোর্টাল চালু করলেও রাজ্যের ৩২ লক্ষ মৎস্যজীবীর মধ্যে মাত্র ৫১ হাজার নাম নথিভুক্ত করেছে।

এক অনুষ্ঠানে দেশে মাছের উৎপাদন বৃদ্ধিতে রাজ্যগুলির সম্ভাবনাকে পূর্ণমাত্রায় কাজে লাগানোর কথা বলেছেন কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং।

কলকাতায়, পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড, ছত্তিশগড় – এই চার রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে আঞ্চলিকস্তরে বৈঠক করেন তিনি। বৈঠকে মাছ উৎপাদনে রাজ্যগুলির সম্ভাবনা, ঘাটতি, সমস্যা এবং প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা নিয়ে আলোচনা হয়। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গে মাছ উৎপাদনের বিপুল সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooo

শর্ত সাপেক্ষে দিঘায় মিছিল করার অনুমতি পেয়েছেন বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রোহিঙ্গা প্রসঙ্গে পূর্ব মেদিনীপুরের দিঘায় এই মিছিলে প্রশাসনের অনুমতি না মেলায় কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন তিনি। কলকাতা হাইকোর্ট গতকাল মিছিলের অনুমতি দিল। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে এই আবেদনের শুনানি হয়। তবে একাধিক শর্ত দেওয়া হয়েছে আদালতের তরফে। দীঘা বাইপাস বিবেকানন্দের মূর্তির সামনে থেকে যুব আবাস পর্যন্ত ওই মিছিল করা যাবে। দু'হাজারের থেকে বেশি লোক যেন মিছিলে না

থাকে। সন্ধ্যা সাড়ে সাতটায় শুরু হবে মিছিল। দু'ঘণ্টার মধ্যে রাত সাড়ে নটায় তা শেষ করতে হবে।

ooooooooooooooooooooo

কলকাতার আর জি কর হাসপাতালে ডাক্তারি পড়ুয়া ধর্ষণ ও খুনের ১ বছরে, আগামী ৯-ই আগস্ট দলীয় পতাকা ছাড়া নবান্ন অভিযানে অংশ নেওয়ার জন্য বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এবং এস ইউ সি আই নেতৃবৃন্দকে আহ্বান জানিয়েছে নির্যাতিতার পরিবার। গতকাল তারা বিধাননগরে বিজেপি-র রাজ্য দফতর এবং এসইউসিআই-এর দফতরে যান। আর জি কর-এর ঘটনায় তদন্তকারী সংস্থার ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে ন্যায় বিচারের দাবিতে সরব হয়েছেন অভয়ার মা-বাবা।

উল্লেখ্য, এর আগে সি পি আই এম, সি পি আই এবং কংগ্রেসের দফতরে গিয়েও নেতৃত্বের সঙ্গে কথা বলেছিল পরিবারটি।

ooooooooooooooooooooo

রাজ্য সরকার দুর্গা পুজো কমিটিগুলিকে ১ লক্ষ ১০ হাজার টাকা অনুদান দেবার কথা ঘোষণা করলেও, সরকার ও সরকার পোষিত উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে বৃত্তিমূলক বিষয়ে কর্মরত শিক্ষকরা দীর্ঘ চার মাস বেতন পাচ্ছেন না বলে অভিযোগ উঠেছে। ন্যাশনাল স্কিলস্ কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক NSQF এর রাজ্য সম্পাদক শুভদীপ ভৌমিক অভিযোগ করেছেন, ১২ বছর ধরে এই শিক্ষকরা শিক্ষাদান করে এলেও তাদের মাইনে বকেয়া থাকছে।

এদিকে, নদীয়ার রানাঘাটের 8-এর পল্লীর পুজো কমিটি সরকারী অনুদান না নেবার কথা ঘোষণা করেছে। এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন রানাঘাট উত্তর পশ্চিমের বিধায়ক পার্থ সারথী চট্টোপাধ্যায় । তিনি বলেন, সরকার কর্মীদের বকেয়া ডিএ মেটাতে পারে না, সেই সরকারই পুজো কমিটিকে লাখ লাখ টাকা অনুদান দেয়।

oooooooooooooooooooo

বুথ স্তরে সাধারন মানুষের অভাব অভিযোগ তিন মাসের মধ্যে সমাধানের প্রতিশ্রুতি দিয়ে রাজ্য সরকারের উদ্যোগে গতকাল **আমাদের পাড়া, আমাদের সমাধান** এর পাশাপাশি **দুয়ারে সরকার** কর্মসূচী শুরু হয়েছে। রাজ্যজুড়ে ৬৩৫টি শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরগুলিতে ১ লক্ষ ৮৪ হাজার ১৮২ জন মানুষ এসেছিলেন বলে সরকারিভাবে জানানো হয়েছে। উল্লেখ্য এই কর্মসূচীতে আগামী তেসরা নভেম্বর পর্যন্ত রাজ্যজুড়ে মোট ২৫ হাজার ৯৮৪টি শিবির আয়োজনের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। প্রতিটি বুথের জন্যে খরচ ধরা হয়েছে ১০ লক্ষ টাকা। এইদিকে দেশের মধ্যে এই উদ্যোগ প্রথম বলে উল্লেখ করে রাজ্যের ৮০ হাজারের বেশি বুথের সবকটাতেই এই কর্মসূচী চলবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক্স হ্যান্ডেলে জানিয়েছেন।

আমার পাড়া আমার সমাধানের নামে রাজ্যের মানুষকে বোকা বানানো হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের নেতা রাহুল সিনহা আজ বলেন, রাজ্য সরকার বাস্তবে এতদিন মানুষের জন্য কিছুই করেনি।

(বাইট – রাহুল)

নির্বাচনের আগে সরকারী টাকায় তৃণমূল কংগ্রেসকে সাহায্য করার জন্যই এই কর্মসূচী বলে অভিযোগ করেছেন সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী।

oooooooooooooooooooooo

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী সপ্তাহের শুরুতেই তিন জেলা সফরে যাচ্ছেন। মঙ্গলবার কলকাতা থেকে রওনা হয়ে সড়কপথে তিনি প্রথমে হুগলীর আরামবাগ, খানাকুলে পৌঁছে সেখানকার বন্যা পরিস্থিতি পর্যালোচনা করবেন। স্থানীয় মানুষদের সঙ্গেও কথা বলবেন তিনি। ঐদিন মেদিনীপুরে রাত্রিবাস

করে বুধবার তিনি জেলার ঘাটালের বন্যা পরিস্থিতি খতিয়ে দেখে ঝাড়গ্রামে পৌঁছবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। ভিন রাজ্যে কাজে যাওয়া রাজ্যের পরিযায়ী শ্রমিকদের উপরে অত্যাচারের অভিযোগ তুলে এর প্রতিবাদে ঐদিন বিকালে তার ঝাড়গ্রামে ভাষা আন্দোলন নিয়ে মিছিলে অংশ নেওয়ার কথা। পরের দিন বৃহস্পতিবার সেখানে তার আদিবাসী দিবসের অনুষ্ঠানে যোগ দেওয়ার কর্মসূচী রয়েছে। ঐদিনই মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা।

oooooooooooooooooooooo

**উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গে রাজ্য পুলিশের স্পেশাল টাস্কফোর্সের পৃথক দুটি থানা গঠনের নির্দেশে স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। গতকাল হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য এবং বিচারপতি উদয়কুমারের ডিভিশন বেঞ্চ আগামী ১৫-ই সেপ্টেম্বর পর্যন্ত অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেছেন।**

**উল্লেখ্য, চলতি বছরে রাজ্য সরকার এস টি এফ-এর দক্ষিণবঙ্গের মামলাগুলির জন্য বিধাননগর এবং উত্তরবঙ্গের মামলাগুলির জন্য শিলিগুড়ির অম্বিকানগরে দুটি থানা গঠনের নির্দেশ দেয় – এর বিরুদ্ধে দায়ের হয় মামলা।**

oooooooooooooooooooo

ডিভিসি- জল ছাড়ার প্রেক্ষিতে প্লাবন পরিস্থিতি খতিয়ে দেখতে গতকাল হুগলীর পুড়শুড়ায় সেচ দপ্তরের উদ্যেগে পর্যালোচনা বৈঠক হয়। আরামবাগ, পুরশুড়া, গোঘাট ও খানাকুল এই চারটি ব্লকের বন্যা পরিস্থিতি নিয়ে এই বৈঠকে সেচ মন্ত্রী ডা. মানস ভুঁইয়া, কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না, পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী ও পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম উপস্থিত ছিলেন। পরিস্থিতির পর্যালোচনার পাশাপাশি উদ্ভূত পরিস্থিতিতে বানভাসি এলাকায় দুর্গতদের পাশে

দাঁড়ানোর উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। জেলা পরিষদের শীর্ষ আধিকারিক এবং আধিকারিকদের পরিস্থিতির উপর সতর্ক নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, বিহার এবং সংলগ্ন হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে একটি ঘূর্ণাবর্ত রয়েছে যার প্রভাবে আগামী তিন দিন উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বেশি থাকবে। কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন। ভারী বৃষ্টির ফলে পাহাড়ি নদীগুলিতে জলস্তর বৃদ্ধি পেতে পারে। এছাড়াও ধস প্রবন এলাকাগুলির মানুষকে সতর্ক থাকতে বলা হয়েছে। তবে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কম থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের পাহাড় এবং সমতলে দফায় দফায় ভারী বৃষ্টির জেরে গতকাল দুপুরে কালিম্পং জেলার ঋষিখোলাতে ৭১৭-এ জাতীয় সড়কে ধস নামে। পাহাড়ের উপর থেকে একের পর এক পাথর, বোল্ডার পড়ে অবরুদ্ধ হয়ে গিয়েছে গোটা রাস্তা। তিস্তাবাজার সংলগ্ন তারখোলার কাছে জাতীয় সড়কের একাংশে ধস নামে। ভাঙা অংশ তলিয়ে যায় পাশ দিয়ে বয়ে চলা তিস্তা নদীতে।

এদিকে ধসের কারণে ফের যান চলাচল বন্ধ করা হয়েছে ১০ নম্বর জাতীয় সড়কে। ফলে সড়কপথে শিলিগুড়ি এবং সিকিমের মধ্যে সংযোগ কার্যত বিচ্ছিন্ন হয়ে যায়। বিকল্প উপায় হিসাবে ঘুরপথে লাভা এবং গরুবাথান হয়ে সিকিম যাচ্ছে গাড়িগুলি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার গড়িয়াহাট থানা এলাকার বন্ডেল রোডে গতকাল বিকেলে একটি ওষুধের কারখানায় আগুন লাগলে চাঞ্চল্য ছড়ায়। ভেতরে প্রচুর দাহ্য পদার্থ মজুত

থাকায় দ্রুত ছড়িয়ে পড়ে আগুন। কালো ধোঁয়ায় ঢেকে যায় চারপাশ। দমকলের ১০-টি ইঞ্জিন সন্ধে সাড়ে ৬-টা নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনে। একজন দমকল কর্মী সামান্য আহত হয়েছেন বলে খবর। শর্টসার্কিট থেকে আগুন ছড়িয়েছে বলে প্রাথমিক অনুমান।

oooooooooooooooooooooo